



১৮২/বাউবি/পরীক্ষা/বিএ/বিএসএস/২০১৬/১৮২৬

তারিখঃ ১৪/০৬/২০১৭

আঞ্চলিক পরিচালক

আঞ্চলিক কেন্দ্র (সকল), বাউবি।

বিষয় : বিএ এবং বিএসএস পরীক্ষা-২০১৬ এর উপস্থিতিপত্র ও করোগেটেড বক্স প্রেরণ প্রসঙ্গে।

জনাব

উপর্যুক্ত বিষয়ে আপনার অবগতি ও কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, বিএ এবং বিএসএস পরীক্ষা-২০১৬ এ অংশগ্রহণেচ্ছ আপনার আঞ্চলিক কেন্দ্রাধীন সকল স্টাডি সেন্টারের শিক্ষার্থীদের সিমেন্টার ও বিষয়ভিত্তিক উপস্থিতিপত্র ও লিথোকোড সম্বলিত OMR প্রেরণের জন্য করোগেটেড বক্স পরীক্ষা বিভাগের কর্মকর্তা/কর্মচারী জনাব-----
-----এর মারফৎ প্রেরণ করা হলো।

উপস্থিতিপত্র এবং করোগেটেড বক্স পরীক্ষা কেন্দ্রসমূহে প্রেরণসহ নিম্নে উল্লিখিত বিষয়সমূহ নিশ্চিতকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হলো :

- ০১। পরীক্ষা বিভাগ কর্তৃক প্রেরিত উপস্থিতিপত্রে নাম নেই এমন কোন শিক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না।
- ০২। লিথোকোড সম্বলিত OMR এর করোগেটেড বক্স কোন অবস্থাতেই উত্তরপত্রের প্যাকেটে প্রেরণ করা যাবেনা, এটি আলাদাভাবে প্রেরণ করতে হবে। লিথোকোড সম্বলিত OMR এর করোগেটেড বক্সের ভিতরে টপসীটের একটি কপি অবশ্যই দিতে হবে।
- ০৩। বদলীকৃত শিক্ষার্থীদের নাম ও আইডি নম্বর সংশ্লিষ্ট কেন্দ্রের নির্ধারিত ব্যাচের হাজিরাসীটের শুরু/শেষে প্রিন্ট দেয়া হয়েছে।
- ০৪। যদি স্থানীয়ভাবে হাজিরাসীট তৈরি করে পরীক্ষা গ্রহণের প্রয়োজন হয়, সেক্ষেত্রে পরীক্ষা নিয়ন্ত্রকের সাথে যোগাযোগ করে অনুমতি গ্রহণ সাপেক্ষে ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- ০৫। পরীক্ষা কেন্দ্রের উপস্থিতিপত্রের শেষের পাতায় মোট উপস্থিতি, অনুপস্থিতি ও বহিস্কৃত পরীক্ষার্থীর সংখ্যা উল্লেখ করতে হবে।
- ০৬। উপস্থিতিপত্রের নির্ধারিত স্থানে কক্ষ পরিদর্শক ও পরীক্ষা কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তার স্বাক্ষর ও সীল থাকতে হবে।
- ০৭। প্রতি সিমেন্টার পরীক্ষা শেষ হওয়ার অনূর্ধ্ব ০৩(তিন) কার্যদিবসের মধ্যে উক্ত সিমেন্টারের সকল বিষয়ের উপস্থিতিপত্র পরীক্ষা কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা বাহক মারফৎ সংশ্লিষ্ট আঞ্চলিক কেন্দ্র/উপ-আঞ্চলিক কেন্দ্রে প্রেরণ নিশ্চিত করবেন।
- ০৮। উপস্থিতিপত্র ও টপসীটের ফটোকপি অবশ্যই সংশ্লিষ্ট পরীক্ষা কেন্দ্রে সংরক্ষণ করতে হবে।
- ০৯। আঞ্চলিক পরিচালক তাঁর আওতাধীন সকল পরীক্ষা কেন্দ্রের উক্ত সিমেন্টারের গৃহীত উপস্থিতিপত্র যাচাই-বাছাই করে ১টি প্যাকেটে ভরে পরবর্তী ০৩(তিন) কার্যদিবসের মধ্যে বাহক মারফৎ/রেজিঃকৃত ডাকে পরীক্ষা নিয়ন্ত্রক বরাবর প্রেরণ করবেন। তবে শেষে অনুষ্ঠিত ২টি সিমেন্টারের উপস্থিতিপত্র ও টপসীট অবশ্যই বাহক মারফৎ প্রেরণ করতে হবে।

বিষয়টি অতীব গুরুত্বপূর্ণ ও স্পর্শকাতর বিধায় এ বিষয়ে আপনার আন্তরিক সহযোগিতা কামনা করছি।

ধন্যবাদসহ,

পরীক্ষা নিয়ন্ত্রক

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

অনুলিপি : সদয় অবগতি ও কার্যার্থে।

- ১। ডীন, এসএসএইচএল, বাউবি।
- ২। পরিচালক, এসএসএস বিভাগ, বাউবি। (এ বিষয়ে প্রয়োজনীয় কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হলো)।
- ৩। পরিচালক, কম্পিউটার বিভাগ, বাউবি। (পত্রটি বাউবি'র ওয়েব সাইটে প্রদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হ'ল)।
- ৪। উপ-আঞ্চলিক পরিচালক/সহকারী আঞ্চলিক পরিচালক/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, উপ-আঞ্চলিক কেন্দ্র (সকল), বাউবি।
- ৫। সহকারী পরিচালক, প্রো-উপাচার্য মহোদয়ের দপ্তর, বাউবি(প্রো-উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৬। সংরক্ষণ নথি।

